

স্মারক নং- ০৫.৩০.৬৮০৭.০০৩.৯৯.০০২.১৯- / ৬০২

তারিখ: ২১.১০.২০১৯ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি


মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর ২৯/০/২০১৯খ্রি: তারিখের ৩৩.০১.০০০০.৭০০.১৬.১৮৮(১)/৪৪৫ নং পত্র এবং প্রকল্প পরিচালকের কার্যালয়, পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ঢাকা এর ০৩/১০/২০১৯খ্রি: তারিখের ৩৩.০১.০০০০.৮৩১.০৪.০০২.১৯/৫৭(৫৮২) নং পত্রের আদেশে “ডলেন্টিয়ার ডায়ালিসিস” পদে বেলাব উপজেলার প্রতিটি ইউনিয়নে ০১ জন করে নিয়োগের লক্ষ্যে বেলাব উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদ সংখ্যা	বেতন	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
“ডলেন্টিয়ার ডায়ালিসিস”	০৮ টি	প্রকল্প থেকে প্রাপ্ত সুবিধাদি প্রাপ্য হবেন	ক) কোন স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি বা সমমান পরীক্ষায় অনূন্য দ্বিতীয় বিভাগে (জিপিএ ৩.০০) এ উত্তীর্ণ	প্রকল্প চলাকালীন প্রতিটি গবাদিপশুর জন্য প্রতি ডোজ ডায়ালিসিস প্রদান বাবদ ৫(পাঁচ) টাকা করে সম্মানী প্রদান করা হবে।

আবেদনের শর্তাবলী

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং বেলাব উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২. আগ্রহী প্রার্থীদের উপজেলা নির্বাহী অফিসার, বেলাব, নরসিংদী বরাবরে আবেদন করতে হবে। বিজ্ঞপ্তির কপি বেলাব উপজেলার ওয়েব পোর্টাল www.belabo.narsingdi.gov.bd হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও বেলাব উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র আগামী ৩০.১০.২০১৯খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সরাসরি এ কার্যালয়ে পৌছাতে হবে।
০৩. প্রার্থীর বয়স ৩০.১০.২০১৯খ্রি: তারিখে ২৫ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তবে সরকারি বিমি মোতাবেক বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমানের ক্ষেত্রে কোন এভিডেন্সিট গ্রহণযোগ্য নয়। বয়স প্রমানের জন্য এস,এস,সি/সমমানের সনদপত্রের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে।
০৪. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে:
 - ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি। ০১ কপি ছবি আবেদনপত্রের উপরে ডান পার্শ্বে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে। ০২(দুই) কপি ছবি আবেদনপত্রের সাথে স্টেপলার পিন দিয়ে সংযুক্ত করতে হবে।
 - খ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র পাওয়ার জন্য নিজের নাম ও ঠিকানা সংবলিত ১০(দশ) টাকার ডাকটিকেট লাগানো ৯.৫”x৫” সাইজের একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে।
 - গ) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র
 - ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদের সত্যায়িত অনুলিপি
 - ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র
 - চ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।
 - ছ) খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা(যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
 - জ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র- কন্যা হিসেবে চাকুরি প্রার্থীদের মুক্তিযোদ্ধা প্রমানকের যাবতীয় কাগজপত্র দাখিল করতে হবে।
০৫. প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে ০৩ মাসব্যাপী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। এতদসংক্রান্ত অভিজ্ঞতা/ প্রশিক্ষণের সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। সংযুক্ত সনদপত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নামের সীলসহ স্বাক্ষর থাকতে হবে।

০৬. মেখার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে এবং পদ শূণ্য হওয়া সাপেক্ষে উক্ত প্যানেল হতে মেখার ক্রমানুসারে নিয়োগ দেয়া হবে।
০৭. চাকুরিরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০৮. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সকল সত্যায়ন ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (পদবী ও নামের সীলসহ) কর্তৃক হতে হবে।
০৯. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন পর্যায়ে টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
১১. সকল প্রকার মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে মূল সনদপত্র/সাময়িক সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র গ্রহণযোগ্য হবে না।
১২. দরখাস্ত বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১৩. নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, যে কোন পরিবর্তন, সংযোজন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
১৪. কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/ সময় পরিবর্তন/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৫. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৬. বেলাব উপজেলার ওয়েব পোর্টাল www.belabo.narsingdi.gov.bd এ লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ, সময়, স্থান জানিয়ে দেয়া হবে।



শামীমা শরমিন
উপজেলা নির্বাহী অফিসার
বেলাব, নরসিংদী
ফোন: ০২-৯৪৪৯১০০

ই-মেইল: unobelabo@mopa.gov.bd